CENTRAL LIBRARY N.C.COLLEGE

2024/FYUG/EVEN/SEM/
BNGDSM–151T/103

**FYUG Even Semester Exam., 2024**

# BENGALI

**( 2nd Semester )**

Course No. : BNGDSM–151T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ]**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×১০=২০

১। বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে? 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি বাংলা সাহিত্যের কোন্ যুগের রচনা?

২। 'চর্যাপদ' গ্রন্থটি কবে, কোথা থেকে আবিষ্কৃত হয়?

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থটির রচনাকার কে? গ্রন্থটিতে সর্বমোট কয়টি খণ্ড আছে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। মালাধর বসু 'ভাগবত'-এর কয়টি স্কন্ধের অনুবাদ করেছিলেন? তাঁর অনূদিত গ্রন্থটি কী নামে সর্বাধিক পরিচিত?

৫। বাল্মীকি 'রামায়ণ'-এ কয়টি কাণ্ড আছে? বাংলা ভাষায় 'রামায়ণ' অনুবাদের ধারায় সব থেকে জনপ্রিয় কবি কে?

৬। 'মহাভারত'-এর অনুবাদক কাশীরাম দাসের কৌলিক উপাধি কী ছিল? তিনি কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন?

৭। 'মনসামঙ্গল' কাব্যধারার জনপ্রিয় কবি বিজয় গুপ্ত কোন্ জেলায় জন্মগ্রহণ করেন? তাঁর রচিত পুঁথি কী নামে পরিচিত?

৮। মুকুন্দরামের উপাধি কী ছিল? তাঁর রচিত কাব্যে কয়টি খণ্ড আছে?

৯। 'অন্নদামঙ্গল' কাব্যের কবি কে? তিনি কোন্ শতাব্দীর কবি?

১০। বৈষ্ণব সমাজে 'চৈতন্যলীলার ব্যাস' বলে কোন্ কবি পরিচিত? তাঁর রচিত চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী?

১১। বিদ্যাপতি কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন? তিনি তাঁর বৈষ্ণব পদগুলি কোন্ ভাষায় রচনা করেছিলেন?

১২। পদাবলীর চণ্ডীদাস চৈতন্য-পূর্ববর্তী না পরবর্তী যুগের কবি? কোন্ কবিকে তাঁর ভাবশিষ্য বলা হয়?





১৩। রোসাঙ রাজসভার দুজন প্রখ্যাত কবির নাম লেখো।

১৪। 'লোরচন্দ্রানী' বা 'সতীময়না' কাব্যের কবি হিসেবে কোন্ কবি পরিচিত? তিনি কোন্ রাজসভার সভাকবি ছিলেন?

১৫। 'শাক্ত পদাবলী'র কবি রামপ্রসাদ সেন কোথায় জন্মগ্রহণ করেন? তাঁর রচিত গানগুলিতে তিনি যে সুর দিয়েছিলেন, সেই সুর কী নামে পরিচিত?

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থ 'চর্যাপদ'-এর ঐতিহাসিক গুরুত্ব উল্লেখ করে গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থটির বিষয় ও রচনা-বৈশিষ্ট্যের পরিচয় দাও।

১৮। কবি কৃত্তিবাস ওঝার জীবনতথ্য উল্লেখ করে 'রামায়ণ'-এর অনুবাদক হিসেবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও।

১৯। মালাধর বসু কৃত 'ভাগবত'-এর অনুবাদ-গ্রন্থটির একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

২০। 'মনসামঙ্গল' কাব্যধারার কবি নারায়ণ দেব রচিত কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২১। “নূতন মঙ্গল আশে ভারত সরস ভাষে
রাজা কৃষ্ণচন্দ্রের আজ্ঞায়।”

কবি ভারতচন্দ্র তাঁর কাব্যকে কেন ‘নূতন মঙ্গল’ বলে অভিহিত করেছেন তা সংক্ষেপে বিবৃত করো।

২২। কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২৩। বৈষ্ণবপদ রচনায় কবি চণ্ডীদাসের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

২৪। সৈয়দ আলাওলের কাব্য-প্রতিভা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২৫। ‘শাক্ত পদাবলী’র শ্রেষ্ঠ কবি রামপ্রসাদ সেনের কাব্য-প্রতিভার পরিচয় দাও।

★★★